# জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিষ্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০ ।

**বিষয় ঃ গত ১৭-০৮-২০২০ তারিখে অনুষ্ঠিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন/বাস্তবায়নের লক্ষ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এপিএ(APA) বাস্তবায়ন ও পর্যালোচনা সভার প্রতিবেদন।**

জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ (জেজিটিডিএসএল)-এর ২০১৯-২০২০ অর্থবছরে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন কার্যক্রম পর্যালোচনা এবং ২০২০-২০২১ অর্থবছরের জন্য নির্ধারিত ও সম্পাদিত চুক্তির আলোকে এপিএ কার্যক্রম বাস্তবায়ন ও শতভাগ সূচক অর্জনের জন্য দিক নির্দেশনাসহ সার্বিক অবস্থা জ্ঞাত করানোর লক্ষ্যে কোম্পানীর প্রধান নির্বাহী ও বিভাগীয় প্রধানদের উপস্থিতিতে গত ১৭-০৮-২০ তারিখে কোম্পানীর কনফারেন্স রুমে বিকাল ৩:০০ ঘটিকায় একটি সভা অনুষ্ঠিত হয় ( উপস্থিত সদস্যবৃন্দের/কর্মকর্তাদের তালিকা সংযুক্ত)।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এপিএ- এর গুরুত্ব ও বাস্তবায়ন বিষয়ে সকলের মনোযোগ আকর্ষনপূর্বক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমতিক্রমে ডিজিএম (পরিকল্পনা) মহোদয় বিগত ২০১৯-২০২০ অর্থ-বছরের এপিএ কার্যক্রম পর্যালোচনার জন্য Slide Show উপস্থাপন করেন।

উপস্থিত বিভাগীয় প্রধানদের মধ্যে বিপণন বিভাগের মহাব্যবস্থাপকগণ, এমআইএস ও এপিএ এর কার্য্যক্রমের সূচকের তারতম্যের বিষয়ে দৃষ্টি আকর্ষন করেন। বিগত ২০১৯-২০২০ অর্থবছরের সম্পাদিত কার্যক্রমের ক্ষেত্রে গ্যাস ক্রয়, বিক্রয় , সংযোগ এবং গ্যাস পাইপ লাইন স্থাপন পরিসংখ্যানের সাথে এপিএ প্রতিবেদন ও এমআইএস এর পার্থক্য পরিলক্ষিত হয়। এক্ষেত্রে ডিজিএম (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, প্রতি মাসের ০৪ (চার) তারিখের মধ্যে বিগত মাসের প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণের বাধ্যবাধকতা আছে। ফলশ্রুতিতে আবিকাসমূহ গ্যাস বিক্রয়ের হিসাব-নিকাশ শেষ করতে পারেন না বিধায় এমআইএস হতে প্রদেয় খসড়া হিসাবের ভিত্তিতে প্রতিবেদন প্রস্তুত করা হয়। দেখা যায় যে, চলতি র এপ্রিল/২০২০ মাসের এমআইএস চূড়ান্ত হলেও পরবর্তী মে ও জুনের এমআইএস চূড়ান্ত না হওয়া এবং অদ্যাবধি প্রকাশিত না হওয়ায় তথ্যের তারতম্য হয়েছে।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সার্বিক বিবেচনায় দ্রুত প্রয়োজনীয় সংশোধনী সম্পাদন এবং সংশ্লিষ্ট সকলকে নিয়মিত প্রতিবেদন প্রদান ও এমআইএস প্রতিবেদন নিয়মিত প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন। বিগত ২০১৯-২০২০ অর্থবছরে অত্র কোম্পানীর অর্জিত সূচক ৯১.৩৫ । ২০২০-২০২১ অর্থ-বছরের জন্য সম্পাদিতব্য এপিএ ( APA) এর Slide Show উপস্থাপন করা হয়। উক্ত প্রতিবেদনে পরিলক্ষিত ভুলত্রুটি জরুরী ভিত্তিতে সংশোধকরতঃ প্রতিবেদন সংশোধনক্রমে বিভাগীয় প্রধানসহ সংশ্লিষ্ট বিভাগ/শাখা প্রধানদের সরবরাহের জন্য নির্দেশ প্রদান করেন।

**APA এর বিভিন্ন কার্যক্রমের বিষয়ে গৃহীত ব্যবস্থা এবং সভাপতির নির্দেশনাসমূহ নিম্নরূপ ঃ**

এপিএ ২০২০-২১ এ অন্তর্ভুক্ত জেজিটিডিএসএল এর কৌশলগত উদ্দেশ্যসমূহ (মোট নম্বর ৬৮) ঃ

| ক্রমিক নং | কার্যক্রম সূচক | লক্ষ্যমাত্রা | আলোচনা | সুপারিশ/সিদ্ধান্ত | কার্যাব্যবস্থায়/তথ্য সরবরাহকারী দপ্তর |
|---|---|---|---|---|---|
| ০১। | গ্যাস নিরাপত্তা নিশ্চিত করা | ৭০+৪৮=১১৮ বিসিএফ (দেশীয় ও আন্তর্জাতিক কোম্পানি হতে গ্যাস ক্রয়) | বর্ণিত বিষয়ে এমআইএস হতে সময়মত তথ্য প্রদান নিয়ে সভায় আলোচনা হয়। | নিয়মিতভাবে অর্থাৎ প্রতি মাসে এমআইএস হতে তথ্য প্রদান অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | অর্থ ডিভিশন / এমআইএস শাখা |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০২। | গ্যাস সংযোগ (বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ,সিএনজি, চা-বাগান ইত্যাদি) | ১০টি | বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ, সিএনজি, চা-বাগান-এ গ্যাস সংযোগ প্রদানে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন নিয়ে সভায় আলোচনা হয়। | যে সকল গ্রাহকদের গ্যাস সংযোগ (বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ, সিএনজি, চা-বাগান ইত্যাদি) এখনও প্রক্রিয়াধীন আছে তা সম্পন্ন করার নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম আরও বৃদ্ধি করার জন্য মহাব্যবস্থাপক (পরিকল্পনা), মহাব্যবস্থাপক (বিপণন-দক্ষিন) ও মহাব্যবস্থাপক (বিপণন-উত্তর) কে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা)/(বিপণন -উত্তর ও বিপণন- দক্ষিন) |
| ০৩। | পাইপলাইন নির্মাণ / স্থাপন | ১০ কি:মি: | লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০ কিঃমিঃ পাইপলাইন স্থাপনের বিপরীতে মহাব্যবস্থাপক (অপারেশন) সভাকে অবহিত করেন যে, এয়ারপোর্ট রোডে প্রতিস্থাপিতব্য ৪ কি:মি এবং মৌলভীবাজার এলাকায় স্থাপিতব্য ৮.৫ কি:মি ব্যালেন্সিং পাইপলাইন-এর দরপত্র আহবান করা হয়েছে। ঠিকাদার নিয়োগের মাধ্যমে কাজ শুরু প্রক্রিয়াধীন রয়েছে। | পাইপলাইন স্থাপিত হলে MIS-এ নথিভূক্ত করতে হবে এবং সময়মত কাজ বাস্তবায়নকরতঃ প্রতিবেদন পরিকল্পনা বিভাগ ও এমআইএস ডিপার্টমেন্ট প্রদান করতে হবে মর্মে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | মহাব্যবস্থাপক (অপারেশন) /এমআইএস ডিপার্টমেন্ট |
| ০৪। | বকেয়া পাওনা কত মাসের গড় বিক্রয়ের সমতূল্য | ২.৫০ মাস | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ঠদের মনিটরিং ও ব্যবস্থা গ্রহণ জোরদারের নিমিত্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | রাজস্ব ডিভিশন / কেন্দ্রীয় রাজস্ব শাখা /এমআইএস |
| ০৫। | গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ | ১২০০ টি (বার্ণার সংখ্যা) | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়েছে। প্রতি মাসের প্রথম কার্যদিবসে বিগত মাসের বিভিন্ন গ্যাস সংযোগের বিচ্ছিন্নকরণ তালিকা এপিএ টীমের আহবায়ক মহাব্যবস্থাপক (পরিকল্পনা) বরাবর প্রেরণ করার জন্য মহাব্যবস্থাপক (রাজস্ব)-কে এমডি মহোদয় নির্দেশনা প্রদান করেন এবং উক্ত তথ্য MIS কর্তৃক অন্তর্ভূক্ত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | বিপণন উত্তর/ বিপণন-দক্ষিন/ এমআইএস |
| ০৬। | মানব সম্পদ উন্নয়ন | ২৫০ জন | মানব সম্পদ উন্নয়নে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষন প্রদান বিষয়ে আলোচনা হয়। | এ বিষয়ে বিশদভাবে আলোচনা করার পর স্থানীয়ভাবে প্রধান কার্যালয়ের ট্রেনিং রুমে ই-ফাইলিং বিষয়ক, Company Affairs ACR সার্ভিস রুল ও এপিএ সংক্রান্ত এবং অন্যান্য প্রশিক্ষন কোভিড-১৯ এর কারনে ভার্চুয়াল কনফারেন্স এর মাধ্যমে অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করার জন্য এমডি মহোদয় নির্দেশনা প্রদান করেন, যা প্রশাসন বিভাগ হতে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিকল্পনা বিভাগ/ প্রশাসন ডিভিশন / প্রশিক্ষন শাখা / আইটি শাখা |

বিনিয়োগ বিকাশে সহায়তা করণ(মোট নম্বর ৭) ঃ

| ক্রমিক নং | কার্যক্রম সূচক | লক্ষ্যমাত্রা | আলোচনা | সুপারিশ/সিদ্ধান্ত | কার্যাব্যবস্থায় |
|---|---|---|---|---|---|
| ০৭(ক)। | বেজা / এসইজেড শিল্পাঞ্চলের গ্যাস সংযোগ আবেদন নিষ্পত্তিতে সময়সীমা | ৩০ দিনের মধ্যে আদেশ জারি | বর্ণিত কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | এমডি মহোদয় নির্দেশনা মোতাবেক বেজা / এসইজেড শিল্পাঞ্চলের গ্যাস সংযোগ আবেদন নিষ্পত্তিতে এপিএ-২০২০-২০২১-এ বর্ণিত নির্ধারিত সময়সীমা অর্থাৎ ৩০ দিনের মধ্যে আদেশ জারির মাধ্যমে গ্রাহকদেরকে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাব্যবস্থাপক(পরিকল্পনা) /(বিপণন-দক্ষিন, বিপণন-উত্তর) ও উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| ০৭(খ)। | ওএসএস এর মাধ্যমে সেবা প্রদান | ৩১-১২-২০২০ তারিখের মধ্যে আদেশ জারি | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ওএসএস এর মাধ্যমে সেবা প্রদান ইতোপূর্বে অব্যাহত ছিল । তবে এ বিষয়ে আরো অধিকতর পর্যবেক্ষনের মাধ্যমে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করত: প্রশাসন ডিভিশন হতে আগামী ৩১ ডিসেম্বরের আগেই প্রয়োজনীয় আদেশজারীর ব্যবস্থা গ্রহণের জন্য এমডি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | প্রশাসন ডিভিশন |
| ০৭(গ)। | বাস্তবায়ন ও পরিবীক্ষন | ৪ পদ্ধতি | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বাস্তবায়ন ও পরিবীক্ষন মতামত সংগ্রহের কয়টি পদ্ধতি চালু আছে, তা আইটি শাখা এপিএ টীমকে অবহিত করবে মর্মে এমডি মহোদয় কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিকল্পনা ডিভিশন/বিপণন-দক্ষিন/বিপণন-উত্তর/আইটি শাখা |
| ০৭(ঘ)। | ব্যবসা সহজীকরণ ও ওএসএস সম্পর্কিত তথ্য প্রচার ও সেবা প্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ | ৪ পদ্ধতি | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ব্যবসা সহজীকরণ ও ওএসএস সম্পর্কিত তথ্য প্রচার ও সেবা প্রার্থী কর্তৃক তথ্য জানার কয়টি পদ্ধতি চালু আছে তা আইটি শাখা এপিএ টীমকে অবহিত করবে মর্মে এমডি মহোদয় কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিকল্পনা ডিভিশন/বিপণন-দক্ষিন/বিপণন-উত্তর/আইটি শাখা |

এপিএ ২০২০-২১ এ অন্তর্ভুক্ত জেজিটিডিএসএল এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (মোট নম্বর ২৫) ঃ

| ক্র: নং | কার্যক্রম সূচক | লক্ষ্যমাত্রা | আলোচনা | সুপারিশ/সিদ্ধান্ত | কার্যাব্যবস্থায় |
|---|---|---|---|---|---|
| ০১। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) বাস্তবায়ন | ১৬ টি সভা | উল্লেখিত কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং যথাযথভাবে বাস্তবায়নের জন্য তাগাদা/নির্দেশনা প্রদান করা হয়। | এমডি মহোদয়ের নির্দেশনা মোতাবেক নিয়মিত মাসিক সভা করা সহ এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিকল্পনা ডিভিশন / রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ডিপা:/আইটি শাখা |
| ০২। | শুদ্ধাচার/উত্তমচর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মত বিনিময় | ৪ টি সভা | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | শুদ্ধাচার / উত্তমচর্চার বিষয়ে অংশীজনদের সংগে এপিএ ২০২০-২০২১ এ অন্তর্ভূক্ত কমপক্ষে ৪টি সভা করার জন্য শুদ্ধাচার টীমকে এমডি মহোদয় নির্দেশনা প্রদান করেন । | মহাব্যবস্থাপক (কন্সট্রাকসন) |
| ০৩। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা / অংশীজনদের অবহিতকরণ | ৪ টি সভা | কোম্পানীতে প্রাপ্ত (বিভিন্ন গ্রাহকের পক্ষ থেকে) অভিযোগসমূহ যাতে দ্রুত নিষ্পত্তি করা হয় এ ব্যাপারে সভায় আলোচনা | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা / অংশীজনদের অবহিতকরণের জন্য এপিএ ২০২০-২০২১ এ অন্তর্ভূক্ত ন্যূনতম ৪টি সভা করার জন্য GRS | উপ-মহাব্যবস্থাপক (এমআইএস) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | হয়। | টীমকে এমডি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | |
| ০৪। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিত করণ | ৪ টি সভা | কোম্পানীতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়। | অত্র কোম্পানীতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও নির্ধারিত ফরমেট অনুযায়ী বাস্তবায়নের জন্য বিপণন বিভাগ (দক্ষিন) প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন এবং এপিএ টীম এর আহবায়ক বরাবর প্রয়োজনীয় তথ্যাদি প্রদানের জন্য এমডি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | মহাব্যবস্থাপক (বিপণন-দক্ষিন) |
| ০৫। | তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমসিক প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | ০৪ টি সভা | বর্ণিত কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | এমডি মহোদয় সংশ্লিষ্ট সকলকে এ কার্যক্রম যেন অব্যাহত থাকে সে ব্যাপারে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন এবং তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের নির্দেশ প্রদান করেন। | রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ডিপা: |
| ০৬। | ই-নথি বাস্তবায়ন | ৮০% | ই-ফাইলিং ব্যবস্থা অত্র কোম্পানীর প্রধান কার্যালয় ছাড়াও সম্প্রতি আবিকাসমূহ ও পাওয়ার প্ল্যান্টগুলোতেও ই-ফাইলিং ব্যবস্থা চালু করা হয়েছে। ডাক গ্রহণ হতে শুরু করে শেষ পর্যন্ত ই-নথিতে নথিসমূহ নিষ্পত্তি করতে হবে। এ বিষয়ে সচিবালয় বিগত সমন্বয় সভায় নির্দেশনা প্রদান করেন। সে ভাবে কার্যকর ব্যবস্থা প্রতিটি বিভাগ হতে গ্রহণ করতে হবে। | এমডি মহোদয় নির্দেশনা প্রদান করেন যে, এ বিষয়ে সকল ডিভিশন হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও কঠোরভাবে মনিটরিং করবে। | রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট/সকল বিভাগ |
| ০৭। | উদ্ভাবনী / ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | ১৫-০২-২১ তারিখের মধ্যে উদ্ভাবনী / ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সভার সভাপতি /ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উদ্ভাবনী / ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ দ্রুত বাস্তবায়নের নিমিত্ত মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয়কে নির্দেশনা প্রদান করেন। | পরিকল্পনা ডিভিশন ও আহবায়ক (ইনোভেশন কমিটি) |
| ০৮। | কর্মচারীদের প্রশিক্ষন প্রদান | ৪০+৫ = ৪৫ জনঘন্টা | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সহ অন্যান্য বিষয়ে সকল কর্মচারীদেরকে প্রশিক্ষনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে আবশ্যিকভাবে প্রশাসন বিভাগ হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন ডিভিশন |
| ০৯। | এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | ০১ জন | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে এপিএ বাস্তবায়ন কমিটি কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাপতি/এমডি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | পরিকল্পনা ডিভিশন ও আহবায়ক, এপিএ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১০। | বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | ১০০% | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এমডি মহোদয় কর্তৃক বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে জানতে চাওয়া হলে, আলোচনাকালে উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয় অবগত করেন যে, বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রনয়ণ কাজ প্রক্রিয়াধীন রয়েছে। | পরিকল্পনা ডিভিশন |
| ১১। | বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) / বাজেট বাস্তবায়ন | ১০০% | বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) / বাজেট বাস্তবায়নে বিস্তারিত আলোচনা হয়। এক্ষেত্রে এপিএ কর্মুসূচি বাস্তবায়নে সহায়ক হবে। | বাজেট বাস্তবায়নে অর্থ ডিভিশণকে নিবীড় পর্যবেক্ষণ, স্বচ্ছতা ও জবাবদিহীতার আলোকে কাজ করে যেতে হবে মর্মে এমডি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | অর্থ ডিভিশন |
| ১২। | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ৫০% | অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এমডি মহোদয় নির্দেশনা প্রদান করেন যে, নিরীক্ষা ডিপার্টমেন্ট হতে তথ্যাদি এপিএ এর সেকশন-৩ এর ছক মোতাবেক মাসের ১ম কার্যদিবসে প্রেরণ করবে। Target Achievement যাতে হয় সে ব্যাপারে সচেষ্ট হবে। | নিরীক্ষা ডিপার্টমেন্ট |
| ১৩। | হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্দ্ধতন অফিসে প্রেরণ | ১৫-১২-২০ তারিখের মধ্যে হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্দ্ধতন অফিসে প্রেরণ | কোম্পানীর স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | এপিএ ২০২০-২০২১-এ উল্লেখ অনুযায়ী শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নির্ধারিত তারিখের মধ্যে স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্দ্ধতন অফিসে প্রেরণ করতে হবে মর্মে এমডি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | অর্থ ডিভিশন |

জালালাবাদ গ্যাসের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) চেয়ারম্যান, পেট্রোবাংলা ও ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস কর্তৃক স্বাক্ষরিত হয়। সভায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এপিএ ২০২০-২০২১ বাস্তবায়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার জন্য সকলকে আহবান জানান।

এপিএ ২০২০-২০২১ এর মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ৪ তারিখের মধ্যে পেট্রোবাংলায় প্রেরণের বাধ্যবাধকতা থাকায় প্রতি মাসের ৩ তারিখের মধ্যে প্রয়োজনীয় তথ্য উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও সদস্য-সচিব, এপিএ বাস্তবায়ন ব্যবস্থাপনা টীম বরাবর প্রেরণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়।

উপরোক্ত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দ্রুত বাস্তবায়নের নিমিত্ত স্ব স্ব বিভাগ/ডিপার্টমেন্ট হতে উদ্যোগ গ্রহণ এবং শতভাগ এপিএ বাস্তবায়ন/অগ্রগতি অর্জনে উপস্থিত উর্দ্ধতন কর্মকর্তাদের সদয় দৃষ্টি কামনা শেষে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি অত্র সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন ।

(প্রকৌ.মোঃ হারুনুর রশীদ মোল্লাহ্)
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি
বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম

বিতরণ ঃ

০১। জনাব-----------------------------------------------------, জালালাবাদ গ্যাস, সিলেট।

অনুলিপি :

০১। উপ-ব্যবস্থাপকের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস, সিলেট।
০২। মহাব্যবস্থাপক (---------------------------), জালালাবাদ গ্যাস, সিলেট।
০৩। উপ-মহাব্যবস্থাপক (---------------------------), জালালাবাদ গ্যাস, সিলেট।
০৪। দপ্তর নথি।